সংবাদ

তারিখ ... 21 DEC 2016 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# জেএসসি-জেডিসি পরীক্ষার ফল ২৯ ডিসেম্বর

নিজস্ব বার্তা পরিবেশক

অষ্টম শ্রেণীর জেএসসি ও মাদ্রাসার জেডিসি পরীক্ষার ফল আগামী ২৯ ডিসেম্বর বৃহস্পতিবার প্রকাশিত হবে। আর পঞ্চম শ্রেণীর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফল প্রকাশের সূচি এখন পর্যন্ত চূড়ান্ত হয়নি। তবে এই পরীক্ষার ফলও ২৯ ডিসেম্বর প্রকাশের প্রস্তুতি নেয়া হয়েছে বলে গতকাল সংবাদকে জানিয়েছেন প্রাথমিক শিক্ষা অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক ড. আবু হেনা মোস্তফা কামাল।

জেএসসি ও জেডিসি পরীক্ষার ফল প্রকাশ সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন গতকাল সচিবালয়ে সাংবাদিকদের বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রী ২৯ ডিসেম্বর ফল প্রকাশের জন্য জেএসসি : পৃষ্ঠা : ১৫ ক : ১

## জেএসসি : জেডিসি

(১ম পৃষ্ঠার পর)

আমাদের সময় দিয়েছেন। ওইদিন সকালে আমরা প্রধানমন্ত্রীর কাছে ফলাফল তুলে দেব। এরপর দুপুরে সচিবালয়ে সংবাদ সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিক ফল প্রকাশ করা হবে।'

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা গত ১ নভেম্বর শুরু হয়। আর জেএসসি পরীক্ষা শেষ হয় ১২ নভেম্বর এবং জেডিসি পরীক্ষা শেষ হয় ১৯ নভেম্বর। বাংলা দ্বিতীয় পত্র, ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র ছাড়া অন্য বিষয়ের পরীক্ষা এবার সৃজনশীল প্রশ্নে নেয়া হয়।

দেশের দুই হাজার ৭৩৪টি কেন্দ্রে এ বছর জেএসসি ও জেডিসিতে অংশ নেয় মোট ২৪ লাখ ১২ হাজার ৭৭৫ জন পরীক্ষার্থী। এর মধ্যে আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে জেএসসি পরীক্ষায় অংশ নেয় ২০ লাখ ৩৮ হাজার ৩০৩ জন শিক্ষার্থী এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে জেডিসি পরীক্ষায় অংশ নেয় তিন লাখ ৭৪ হাজার ৪৭২ জন পরীক্ষার্থী।

গত বছর জেএসসি ও জেডিসি পরীক্ষায় ২৩ লাখ ২৫ হাজার ৯৩৩ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছিল। এবার এই পরীক্ষায় ৮৬ হাজার ৮৪২ জন পরীক্ষার্থী বেড়েছে। এবার জেএসসিতে এক লাখ তিন হাজার ৬৫৩ এবং জেডিসিতে ১৮ হাজার ২১ অনিয়মিত পরীক্ষার্থী অংশ নিয়েছে।

এদিকে প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার অংশ নিয়েছে ৩২ লাখ ৩০ হাজার ২৮৮ জন শিক্ষার্থী। এই দুই সমাপনী পরীক্ষা গত ২০ নভেম্বর শুরু হয়ে ২৭ নভেম্বর শেষ হয়।